

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়  
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ  
প্রশাসন-১ অধিশাখা  
www.emrd.gov.bd

'জাতীয় জ্বালানি নিরাপত্তা দিবস-২০১৭' উদযাপন  
উপলক্ষে ১৬-০৭-২০১৭ তারিখে অনুষ্ঠিত প্রস্তুতি সভার কার্যবিবরণী:

সভাপতি: নাজিমউদ্দিন চৌধুরী সভার তারিখ: ১৬-০৭-২০১৭ খ্রি.  
সচিব সময়: দুপুর ১২:০০ টা  
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ

সভার উপস্থিতি: পরিশিষ্ট 'ক' (স্বাক্ষরের ক্রমানুসারে)

সভার প্রারম্ভে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের উপ-সচিব (প্রশাসন-১) জনাব মো: শহিদুল ইসলাম সভার কার্যপত্র পাঠ করেন।

আলোচনা :

২.১। জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের সচিব সভাকে জানান যে, জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান স্বাধীনতা উত্তরকালে দেশের অর্থনৈতিক উন্নয়নের লক্ষ্যে যে সকল দূরদর্শী সিদ্ধান্ত গ্রহণ করেছিলেন তন্মধ্যে ০৯ আগস্ট, ১৯৭৫ তারিখে বিদেশী তেল কোম্পানির নিকট হতে ৫টি গ্যাস ফিল্ড ক্রয়ের মাধ্যমে জাতীয় জ্বালানি নিরাপত্তা নিশ্চিতকরণ বিষয়টি ছিল অন্যতম। জাতির জনকের যুগান্তকারী ও দূরদর্শী সিদ্ধান্তটি গত ০৯-০৮-২০১০ তারিখের মন্ত্রিসভা বৈঠকে উপস্থাপন করা হলে প্রতি বছর ০৯ আগস্ট তারিখে 'জাতীয় জ্বালানি নিরাপত্তা দিবস' পালন করার সিদ্ধান্ত গৃহীত হয়। সেই থেকে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ এবং এর অধীনস্থ দপ্তর/সংস্থা কর্তৃক দিবসটি যথাযোগ্য মর্যাদায় উদযাপন করা হচ্ছে। 'জাতীয় জ্বালানি নিরাপত্তা দিবস' পালনের সিদ্ধান্তের ধারাবাহিকতায় আগামী ৯ আগস্ট'২০১৭ তারিখে দিবসটি পালনের বিষয়ে সভায় উপস্থিত সকলকে আলোচনায় অংশগ্রহণের জন্য আহবান জানান। দিবসটি যথাযোগ্য মর্যাদায় এবং উৎসবমুখর পরিবেশে উদযাপনের বিষয়ে সভায় আলোচনা হয়। আলোচনায় আগামী ৯ আগস্ট'২০১৭ তারিখে সেমিনার আয়োজন, জাতীয় দৈনিকে ক্রেডপত্র প্রকাশ, তথ্য কণিকা (বুকলেট) প্রকাশ, রেডিও ও টেলিভিশনে বিজ্ঞাপন প্রচার, ঢাকা, চট্টগ্রাম, কুমিল্লা, ব্রাহ্মণবাড়িয়া, সিলেট, হবিগঞ্জ, মৌলভীবাজার, সিরাজগঞ্জ, খুলনা ও দিনাজপুর শহরের সড়কদ্বীপসহ গুরুত্বপূর্ণ স্থানে ব্যানার, ফেস্টুন ও প্রাকার্ড প্রদর্শনের মাধ্যমে দিবসটির গুরুত্ব তুলে ধরার ব্যবস্থা করার বিষয়ে আলোচনা হয়। এসব কার্যক্রম সুষ্ঠু ও সুচারুরূপে পালনের লক্ষ্যে একটি সাংগঠনিক কমিটি গঠন করে তার আওতায় কয়েকটি উপ-কমিটি গঠনের বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:

সিদ্ধান্ত :

(ক) দিবসটি যথাযোগ্য মর্যাদায় উদযাপনের নিমিত্ত নিম্নবর্ণিত সাংগঠনিক কমিটি গঠন করা হল। সাংগঠনিক কমিটি প্রয়োজনীয় সংখ্যক উপ-কমিটি গঠন করে কার্যক্রম সম্পন্ন করবে:

	(জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়)
১. জনাব মোহাম্মদ আহসানুল জব্বার, অতিরিক্ত সচিব (প্রশা:/অপা:), জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ	- আহবায়ক
২. জনাব মীর আলী রেজা, পরিচালক (বিপণন), বিপিসি	- সদস্য
৩. কাজী জেবুন্নেছা বেগম, অতিরিক্ত সচিব (উন্ন:), জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ	- সদস্য
৪. জনাব রতন চন্দ্র পণ্ডিত, যুগ্ম-সচিব (প্রশা:), জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ	- সদস্য
৫. জনাব মো: হারুন-অর-রশিদ খান, মহাপরিচালক, হাইড্রোকার্বন ইউনিট	- সদস্য
৬. জনাব মো: মোস্তফা কামাল, পরিচালক (প্রশাসন), পেট্রোবাংলা	- সদস্য
৭. জনাব আবদুল্লাহ আল মামুন চৌধুরী, কমডোর, ব্রু ইকোনমি সেল	- সদস্য
৮. জনাব সিরাজুল ইসলাম খান, মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব), জিএসবি	- সদস্য
৯. জনাব জনেন্দ্র নাথ সরকার, উপ-সচিব (উন্ন:-২), জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ	- সদস্য
১০. বেগম সানজিদা সোবহান, পরিচালক, বিপিআই	- সদস্য
১১. বেগম ফারজানা মমতাজ, উপ-সচিব (অপা:-১), জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ	- সদস্য
১২. জনাব মুহা: মনিরুজ্জামান, উপ-সচিব (উন্ন:-১), জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ	- সদস্য
১৩. জনাব মোহাম্মদ কামরুজ্জামান, উপ-সচিব (প্রশাসন-৩), জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ	- সদস্য
১৪. ড. মোঃ রফিকুল ইসলাম, উপ-প্রধান(পরি:-১), জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ	- সদস্য
১৫. জনাব মো: আব্দুল কাইয়ুম, পরিচালক, পরিচালক, বিএমডি	- সদস্য
১৬. জনাব মো: সামসুল আলম, প্রধান বিস্ফোরক পরিদর্শক, বিস্ফোরক পরিদপ্তর	- সদস্য
১৭. জনাব মো: শহিদুল ইসলাম, উপ-সচিব (প্রশাসন-১), জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ	- সদস্য-সচিব

কার্যপরিধি:

- ১। দিবসটি সফলভাবে উদযাপনের নিমিত্ত সেমিনার আয়োজন, ক্রেডপত্র প্রকাশ, টেলিভিশন ও রেডিওতে বিজ্ঞাপন প্রকাশ, বুকলেট/তথ্য কণিকা প্রস্তুত, সড়কদ্বীপ ও ভেন্যু সজ্জিতকরণ, আপ্যায়নের ব্যবস্থা, আমন্ত্রণপত্র প্রস্তুত ও বিতরণ এবং অর্থ উপ-কমিটি গঠন করা;
- ২। বাজেট প্রণয়ন ও অর্থ সংগ্রহ করা;
- ৩। বিভিন্ন উপ-কমিটির কার্যক্রম সমন্বয় করা;

- (খ) 'জাতীয় জ্বালানি নিরাপত্তা দিবস-২০১৭' উপলক্ষে আগামী ০৯ আগস্ট, ২০১৭ তারিখ সকাল ৯.০০ টা থেকে ১১.০০ টা পর্যন্ত পেট্রোবাংলার সভাকক্ষে একটি সেমিনার আয়োজন করা হবে। উক্ত সেমিনারে পেট্রোবাংলা, বিপিসি ও জিএসবি হতে ১টি করে মোট ৩টি কি নোট (Key Note) উপস্থাপন করা হবে। পেট্রোবাংলা, বিপিসি ও জিএসবি'র কি নোটের বিষয়বস্তু যথাক্রমে LNG, পাইপলাইনের মাধ্যমে তেল সরবরাহ ও কয়লা সংক্রান্ত হবে। প্রত্যেকটি কি নোট (Key Note) উপস্থাপনের জন্য ১৫ মিনিট করে সময় বরাদ্দ থাকবে। সুন্দর মানসম্পন্ন ও নান্দনিক কি নোট (Key Note) প্রস্তুত ও উপস্থাপনকারীকে আকর্ষণীয় সম্মানী প্রদান করা হবে। পেট্রোবাংলা, বিপিসি ও জিএসবি'র কি নোট (Key Note) প্রস্তুতকরণ কমিটি নিম্নরূপে গঠিত হবে:

পেট্রোবাংলাঃ

- |   |   |         |
|---|---|---------|
| ১. জনাব মো: মোস্তফা কামাল, পরিচালক (প্রশাসন), পেট্রোবাংলা       | - | আহবায়ক |
| ২. জনাব জামিল আহমেদ আলিম, পরিচালক (অপা: এন্ড মাইস), পেট্রোবাংলা | - | সদস্য   |
| ৩. জনাব মো: মাহবুব ছারোয়ার, পরিচালক (পিএসসি), পেট্রোবাংলা      | - | সদস্য   |
| ৪. প্রকৌ. মো: কামরুজ্জামান, ব্যবস্থাপনা পরিচালক, আরপিজিসিএল     | - | সদস্য   |
| ৫. কাজী মো: আনোয়ারুল আজিম, ব্যবস্থাপক, আরপিজিসিএল              | - | সদস্য   |

বিপিসিঃ

- |  |   |         |
|--|---|---------|
| ১. সৈয়দ মোহাম্মাদ মোজাম্মেল হক, পরিচালক (অপা: ও পরি:), বিপিসি             | - | আহবায়ক |
| ২. বেগম ফারজানা মমতাজ, উপ-সচিব (অপা:-১), জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ       | - | সদস্য   |
| ৩. জনাব মুহা: মনিরুজ্জামান, উপ-সচিব (উন্ন:-১), জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ | - | সদস্য   |
| ৪. জনাব মুস্তাফা কুদরুত-ই-ইলাহী, মহাব্যবস্থাপক, বিপিসি                     | - | সদস্য   |
| ৫. জনাব মো: আমিনুল হক, উপ-মহাব্যবস্থাপক, পিওসিএল                           | - | সদস্য   |


জিএসবিঃ

- |   |   |         |
|---|---|---------|
| ১. জনাব সিরাজুল ইসলাম খান, মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব), জিএসবি | - | আহবায়ক |
| ২. জনাব রেশাদ মহম্মদ ইকরাম আলী, বিভাগীয় প্রধান-২, জিএসবি         | - | সদস্য   |

- (গ) 'জাতীয় জ্বালানি নিরাপত্তা দিবস-২০১৭' উপলক্ষে আয়োজিত সেমিনারে প্রধান অতিথি হিসেবে মাননীয় অর্থ মন্ত্রী/বাণিজ্য মন্ত্রী/পরিকল্পনা মন্ত্রী উপস্থিত থাকবেন। বিশেষ অতিথি হিসেবে এ মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী, মাননীয় প্রধানমন্ত্রীর বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ বিষয়ক উপদেষ্টা এবং বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটির সভাপতি উপস্থিত থাকবেন।

- (ঘ) 'জাতীয় জ্বালানি নিরাপত্তা দিবস-২০১৭' এর পরবর্তী প্রস্তুতি সভা আগামী ২৫-০৭-২০১৬ তারিখ বিকাল ০৩.০০ টায় এ বিভাগের সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হবে। ঐ দিন সকল কমিটি তাদের কার্যক্রম সংক্রান্ত অগ্রগতির তথ্য সভায় উপস্থাপন করবেন।

- ০৩। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



(নাজিমউদ্দিন চৌধুরী)

সচিব

জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ

